

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
 প্রবিধি অনুবিভাগ
 প্রবিধি-১ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৬-৪৭


১১ এপ্রিল, ২০১৮
 তারিখ:-----
 ২৮ চৈত্র, ১৪২৪

পরিপত্র

বিষয়: শতভাগ পেনশন সমর্পণকারী সরকারি কর্মচারীগণের উৎসব ভাতা ৫% হারে বার্ষিক বর্ধিতকরণ।

জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১৯(৩) অনুচ্ছেদ অনুযায়ী “১০০% পেনশন সমর্পণকারীগণ, ১০০% পেনশন সমর্পণ না করিলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হইতেন উক্ত পরিমাণ, প্রতি অর্থ বৎসরে দুইটি উৎসব ভাতা হিসাবে প্রাপ্য হইবেন; মাসিক নীট পেনশনপ্রাপ্ত অবসরভোগীদের নীট পেনশনের হার যে প্রক্রিয়ায় বৃদ্ধি করা হয় অনুরূপভাবে ১০০% পেনশন সমর্পণকারীদের ক্ষেত্রেও শুধু উৎসব ভাতা প্রাপ্তির জন্য নীট পেনশনের হার বৃদ্ধি পাইবে, তবে এই ক্ষেত্রে ১০০% পেনশন সমর্পণকারীগণ কোন বকেয়া প্রাপ্য হইবেন না।” কিন্তু প্রবিধি অনুবিভাগের ১৬-১১-২০১৭ খ্রিঃ তারিখের নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৬-১২৪ স্মারকটি জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ ১৯(৩) এর সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বিষয় জটিলতা পরিলক্ষিত হচ্ছে।

এমতাবস্থায়, শতভাগ পেনশন সমর্পণকারীগণের উৎসব ভাতা নির্ধারণ ও প্রাপ্যতার ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ ১৯(৩) অনুসরণীয় হবে এবং প্রবিধি-১ অধিশাখার ১৬-১১-২০১৭ খ্রিঃ তারিখের এ বিষয়ে জারীকৃত ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৬-১২৪ নং স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো।


 (মোঃ মমতাজ উদ্দিন)
 যুগ্মসচিব
 ফোন: ৯৫৪০১৮১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
(তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
(তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
(তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। বিভাগীয় কমিশনার-----সকল।
(তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

(অপরপৃষ্ঠা দ্রষ্টব্য)